গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
jagannathpur.sunamganj.gov.bd

**জগন্নাথপুর উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মার্চ-২০২২ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী :**

সভাপতি : জনাব মোঃ সাজেদুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
তারিখ : ১৫/০৩/২০২২ খ্রিঃ, সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

সভায় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হলে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা ফেব্রুয়ারি-২০২২ মাসের উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অপরাধের তুলনামূলক চিত্র তুলে ধরেন।

(অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা হতে প্রাপ্ত প্রতিবেদনের প্রেক্ষিতে)
ফেব্রুয়ারি/ ২০২২

| ক্রমিক নং | অপরাধের ধরণ | আলোচ্য মাস | বিগত মাস | বিগত বছরের অনুরূপ মাস |
|---|---|---|---|---|
| ০১ | ডাকাতি | - | - | - |
| ০২ | দস্যুতা | - | - | - |
| ০৩ | সিঁধেল চুরি | - | - | - |
| ০৪ | গবাদি পশু চুরি | - | | |
| ০৫ | তার চুরি | - | - | - |
| ০৬ | অন্যান্য চুরি | ০১ | - | ০১ |
| ০৭ | খুন | ০১ | - | ০১ |
| ০৮ | দাঙ্গা | - | - | - |
| ০৯ | দাঙ্গাসহ খুন | - | - | - |
| ১০ | অস্ত্র আইন | | ০১ | - |
| ১১ | সড়ক দূর্ঘটনা | - | - | - |
| ১২ | মাদকদ্রব্য | - | ০১ | ০৩ |
| ১৩ | চোরাচালান | ০১ | - | - |
| ১৪ | পুলিশ আক্রান্ত | - | - | - |
| ১৫ | নারী নির্যাতন (ধর্ষণ) | - | - | - |
| ১৬ | এসিড নিক্ষেপ | - | - | - |
| ১৭ | অন্যান্য (নারী নির্যাতন) | ০৪ | - | ০১ |
| ১৮ | বিস্ফোরক দ্রব্য | - | - | - |
| ১৯ | দ্রুত বিচার আইন | - | - | - |
| ২০ | অন্যান্য | ০৬ | ০৫ | ০৯ |
| | মোট | ১৩ | ০৭ | ১৫ |

অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা হতে প্রাপ্ত তুলনামূলক অপরাধ চিত্র ও আইন শৃংঙ্খলা পরিস্থিতি পর্যালোচনায় দেখা যায়, বিগত জানুয়ারি-২০২২ মাসের তুলনায় ফেব্রুয়ারি -২০২২ মাসে অপরাধ বেড়েছে এবং বিগত বছরের একই সময়ের তুলনায় অপরাধ কমেছে। এ বিষয়ে আইন শৃঙ্খলা কমিটির সভায় উপস্থিত অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা বলেন, আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক

রাখার জন্য সর্বাত্মক চেষ্টা করা হচ্ছে। এ প্রসঙ্গে সভাপতি বলেন, জনসাধারণ যাতে কোন ধরনের হয়রানি না হয় সে দিকে সর্বদা সতর্ক দৃষ্টি রাখতে হবে।

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন পর্যায়ে আইন শৃংখলা পরিস্থিতি সংক্রান্ত | আলোচনা: সভায় জানানো হয়, ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা কমিটির সভাকরে সভার কার্যবিবরণী দাখিল করার কথা থাকলেও বিগত মাসে কোন ইউনিয়ন হতে সভার কর্যবিবরণী পাওয়া যায়নি। অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা হতে প্রাপ্ত তুলনামূলক অপরাধ চিত্র ও আইন শৃংঙ্খলা পরিস্থিতি পর্যালোচনায় দেখা যায় ইউনিয়ন পর্যায়ে আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। চেয়ারম্যান পাইলগাঁও ইউনিয়ন পরিষদ সভায় জানান,গতমাসে বিভিন্ন ব্যস্ততার জন্য ইউনিয়ন আইন শৃংঙ্খলা কমিটির সভা করা সম্ভব হয়নি। আগামী মাস থেকে নিয়মিত সভা করে যথাসময়ে কার্যবিবরণী প্রেরণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা কমিটির সভা নিয়মিতভাবে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা কমিটির সভা সম্পন্ন করতঃ সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অফিসসমূহে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়রম্যানগণকে অনুরোধ করা হয়।<br>**সিদ্ধান্ত :** ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা কমিটির সভা নিয়মিতভাবে সম্পন্নকরে সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অফিসসমূহে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউ/পি চেয়ারম্যান (সকল), জগন্নাথপুর। |
| ০৩ | উপজেলা আইনশৃংখলা পরিস্থিতি সংক্রান্ত : | **আলোচনা :** অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা হতে প্রাপ্ত তুলনামূলক অপরাধ চিত্র ও আইন শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনায় দেখা যায় উপজেলার আইন শঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। জগন্নাথপুর পৌরসভাধীন জগন্নাথপুর বাজারে রাস্তার পাশে যত্রতত্র মালামাল রাখার কারনে জনসাধারনের চলাচলের অসুবিধা এবং সৃষ্ট যানজট নিরসনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় জানান, জগন্নাথপুরের যানজট নিরসন ও পৌরসভাকে একটি পরিচ্ছন্ন শহড়ে পরিনত করার জন্য জগন্নাথপুর পৌরসভাসহ সকল অংশীজনের সমন্বয়ে আলোচনা ও উদ্যোগ গ্রহন করা প্রয়োজন।<br>**সিদ্ধান্ত :** বিষয়গুলো জনগুরুত্বপূর্ণ বিধায় নজরদারিসহ প্রতিটি বিষয়কে গুরুত্ব দিয়ে যথাসময়ে আইন মোতাবেক ব্যবস্থা নেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় পাশাপাশি যানবাহন মালিক/ শ্রমিক সমিতির সদস্যসহ সকল অংশীজনকে নিয়ে সভা আহবানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর, ও অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, জগন্নাথপুর। |
| ০৪ | বাল্য বিবাহ সংক্রান্ত : | এ উপজেলায় এখন পর্যন্ত কোন বাল্য বিবাহের খবর পাওয়া যায়নি। বাল্যবিবাহ সংক্রান্ত বিষয়ে কোন সংবাদ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর এবং অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা ও সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি সংক্রান্ত | আলোচনা: বাজার তদারক কমিটির সভাপতি সভায় জানান, জগন্নাথপুর কাঁচাবাজারে ড্রেনের উপর দোকান বসিয়ে ড্রেন বন্ধ করে জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টি করা হচ্ছে। জনসাধারণের চলাচলের সুবিধার্থে ড্রেন দখল মুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের আহবান জানান। তিনি আরও বলেন সম্প্রতি জগন্নাথপুর পৌরসভার ৮নং ওয়ার্ডে একটি গরু চুরি হয়েছে। পৌরসভায় চুরিসহ বিভিন্ন অপরাধ দমনে প্রয়োজনীয় পুলিশ টহলের ব্যবস্থা গ্রহনের আহবান জানান।<br>কমিটির সদস্য জনাব মো: সাইফুল ইসলাম রিপন সভায় জানান জগন্নাথপুর পৌরসভার চিলাউড়া পয়েন্টে সরকারি জায়গা নিয়ে আদালতে মামলা ছিল। মামলায় সরকারের পক্ষে রায় হয় এবং সরকার জায়গার দখল নিয়ন্ত্রন করে, কিন্তু | উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর সহকারী কমিশনার (ভূমি) জগন্নাথপুর এবং অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা। |

| | | | |
|---|---|---|---|
| | | ইদানিং দেখা যাচ্ছে ঐ জায়গা পুনরায় অবৈধভাবে দখল হয়ে যাচ্ছে। সরকারি জায়গা পুনরুদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় আহবাঁন জানান। জনাব শংকর রায়, সভাপতি জগন্নাথপুর প্রেসক্লাব সভায় জানান, জগন্নাথপুর উপজেলায় যানবাহন বিশেষ করে মিশুক সাধারণ মানুষের কাছ থেকে অধিক হারে ভাড়া আদায় করছে। যানবাহনে ভাড়া নিয়ন্ত্রনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তিনি সভায় অনুরোধ জানান। তিনি আরও বলেন অপহরণ মামলা সম্পর্কে আমরা পত্রিকায় সংবাদ প্রচার করে থাকি কিন্তু পরবর্তীতে এ মামলার আর কোন তথ্য না পাওয়ায় উর্দ্ধতন কর্তৃপক্ষকে কোন জবাব দেয়া যায় না। অপহরন মামলা সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য সরবরাহের জন্য তিনি অফিসার ইনচার্জ জগন্নাথপুর থানার দৃষ্টি আকর্ষণ করেন। অপহরন মামলা সম্পর্কে অফিসার ইনচার্জ জগন্নাথপুর থানা বলেন এ উপজেলায় যে কয়টা অপহরন মামলা হয়েছে প্রকৃতপক্ষে অপহরন নয় প্রেমসংক্রান্ত বিষয় কয়েকদিন পরেই অপহৃত ব্যক্তি থানায় হাজির হয়েছে। সাংবাদিকগণ চাইলে সব তথ্য দেয়া হবে । অফিসার ইনচার্জ জগন্নাথপুর থানা উপজেলার আইনশৃঙ্খলা নিয়ন্ত্রনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তিনি বলেন ষাড়ের লড়াই প্রতিযোগিতা আয়োজন করার বিষয়ে অনেক তদবির/ ফোন আসে। এটি একটি অমানবিক কাজ এবং আইনসিদ্ধ নয়। ষাড়ের লড়াই প্রতিযোগিতা বন্ধে সকলের বিশেষ করে তিনি ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। ওয়াজ মাহফিলসহ জনসমাগম হয় এমন সকল প্রকার অনুষ্ঠান আয়োজনে প্রশাসনের অনুমতি নেয়ার জন্য সকলের প্রতি আহবান জানান।<br>সভাপতি মহোদয় জানান জগন্নাথপুর থানার পুলিশ উপজেলার সর্বস্থরের জনসাধারণের আস্থা অর্জন করতে আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। পুলিশের কর্ম তৎপরতায় সর্বস্থরের মানুষ সন্তোষ্ট। পুলিশের কর্ম তৎপরতায় জন্য অফিসার ইনচার্জ জগন্নাথপুর থানাকে সভার পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। তিনি বলেন পবিত্র রমজান মাস সমাগত। রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রনে রাখতে উপজেলার সর্বত্র মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। মোবাইল কোর্ট পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। ভোক্তা অধিকার সংরক্ষনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাজার কমিটির প্রতি আহবান জানান।<br><br>**সিদ্ধান্ত :** (ক) জগন্নাথপুর উপজেলায় চুরিসহ সকল প্রকার অপরাধ দমনে প্রয়োজনীয় পুলিশ টহলের ব্যবস্থা গ্রহনের জন্য অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানাকে অনুরোধ জানানো হয়।<br>(খ) জগন্নাথপুর পৌরসভার চিলাউড়া পয়েন্টে সরকারি জায়গা অবৈধ দখলমুক্ত রাখার বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর কে অনুরোধ জানানো হয়। | |
| ০৬ | বিবিধ | **আলোচনা :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে সভায় উপস্থিত ডা. মো: সায়েখুল ইসলাম, আরএমও সভায় জানান সকলের সহযোগিতায় কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদান সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। আগামী ২৩-২৪, ২৮,২৯,৩০ তারিখে ইউনিয়ন পর্যায়ে ভ্যাসিন প্রদানের তারিখ নির্ধারন করা হয়েছে। ভ্যাকসিন প্রদান কার্যক্রমে আইনশৃঙ্খলা নিয়ন্ত্রনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ জগন্নাথপুর থানাকে অনুরোধ জানান এবং ভ্যাকসিন প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট ইউনিয়নের সর্বত্র প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। | উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ এবং ইউ/পি চেয়ারম্যান (সকল), জগন্নাথপুর। |

| | | | |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত:** (ক) আগামী ২৩-২৪, ২৮,২৯,৩০ তারিখে ইউনিয়ন পর্যায়ে কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট ইউনিয়নের সর্বত্র প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br><br>(খ) আগামী ২৩-২৪, ২৮,২৯,৩০ মার্চ ২০২২ইং তারিখে ইউনিয়ন পর্যায়ে কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদান কার্যক্রমে আইনশৃঙ্খলা নিয়ন্ত্রনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ জগন্নাথপুর থানাকে অনুরোধ জানানো হয়। | |

বিভিন্ন অপরাধ দমনে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করে উপজেলা প্রশাসন ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানিয়ে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৬.০৩.২০২২

(মোঃ সাজেদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
ইমেইল-jagannathpur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.১১.০১২.২০- ২২৫ তারিখ : ১৬/০৩/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ ।
২. পুলিশ সুপার, সুনামগঞ্জ ।
৩. মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
২.------------------------------, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৩. উপজেলা ............................................... (সংশ্লিষ্ট সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ ।
৪. অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৫. চেয়ারম্যান ...................................... ইউনিয়ন পরিষদ (সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. জনাব................................................... (সংশ্লিষ্ট সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ ।
৭. ওয়েব পোর্টাল।
৮. অফিস নথি/মাস্টার ফাইল ।

১৬.০৩.২০২২

উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।